



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

বিশ্ববিদ্যালয়ের প্রথম আবাসিক হল ‘বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল’
নির্মাণ কাজ পরিদর্শন



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রথম আবাসিক হল ‘বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল’-এর নির্মাণ কাজ দ্রুত গতিতে এগিয়ে যাচ্ছে। এ উপলক্ষে ৩ ডিসেম্বর-২০১৭, রবিবার উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান-এর নেতৃত্বে বিশ্ববিদ্যালয়ের একটি প্রতিনিধি দল হল নির্মাণ কাজের অগ্রগতি পরিদর্শন করেন।

এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, বিভাগের চেয়ারম্যান, দপ্তর প্রধান ও ছাত্রনেতৃত্ববৃন্দ উপস্থিত ছিলেন। ইতোমধ্যে ভবনটির ১০ম তলা পর্যন্ত ঢালাইয়ের কাজ সম্পন্ন হয়েছে। একই সাথে ভবনের অভ্যন্তরীণ স্থাপনার কার্যক্রম অব্যাহত রয়েছে। হলটি সম্পন্ন হলে ১,০০০ ছাত্রীর আবাসন ব্যবস্থা করা সম্ভব হবে।